

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৩.১৯-৬৫৮

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১০ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮১৯৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮১৯৮/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮১৯৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৮১৯৮/২০১৯	জনাব মো: আবু বক্কর সিদ্দিকী, সহকারী মৌলভী (বরখাস্তকৃত), দশহাল এম.ইউ.দি-মুখী দাখিল মাদ্রাসা, উপজেলা- গোবিন্দগঞ্জ, জেলা- গাইবান্ধা।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, অর্থ মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন দশহাল এম.ইউ.দি-মুখী দাখিল মাদ্রাসা'র সহকারী মৌলভী (বরখাস্তকৃত) জনাব মো: আবু বক্কর সিদ্দিকী কর্তৃক তার ২১/০৯/২০১৩ হতে ৩১/১০/২০১৪ সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮১৯৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ০১/০৮/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর ২১/০৯/২০১৩ হতে ৩১/১০/২০১৪ সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৯/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮১৯৮/২০১৯ মামলার ০১/০৮/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ৩০/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(এ. কে. এম. শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইফ্রাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।